R. N. No. 2532/57 Phone No. RGG. 112 Regd No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাক্সন সিন্ডিকেট
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

সবার সেরা
কালি, গাম, প্যাড ইঙ্ক
প্যারাগন কালি
প্যারাফিক্স, প্যাড ইঙ্ক
শ্যামনগর
২৪-পরগণা

৬৯শ বর্ষ
৩৬শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ৩রা ফাল্গুন, বুধবার, ১৩৮৯ সাল
১৬ই ফেব্রুয়ারী, ১৯৮৩ সাল।
নগদ মূল্য : ২৫ পয়সা
বার্ষিক ১২৲, সডাক ১৪

## মার্চ্চের মধ্যেই পঞ্চায়েতে ফ্রন্টের প্রার্থী তালিকা চূড়ান্ত হবে

রাজনৈতিক সংবাদদাতা : পঞ্চায়েত নির্বাচনে শরিক দলগুলির মধ্যে সমঝোতার পর মার্চ্চ মাসের দ্বিতীয় সপ্তাহ নাগাদ
মুরশিদাবাদ জেলা বামফ্রন্ট কমিটি একটি প্রাথমিক প্রার্থী তালিকা রাজ্য কমিটির কাছে পাঠাবে। রাজ্য বামফ্রন্ট
কমিটির নির্দেশ অনুযায়ী এই তালিকা প্রস্তুতের উদ্যোগ চলছে। এ নিয়ে আলোচনার জন্য সম্প্রতি জেলা বামফ্রন্ট
কমিটির কয়েকটি বৈঠকও অনুষ্ঠিত হয়েছে। ১৩ ফেব্রুয়ারী জঙ্গিপুরেও বামফ্রন্টের নেতারা পঞ্চায়েত নির্বাচনে সম-
ঝোতা নিয়ে এক বৈঠকে বসেন। পরবর্ত্তীতে আবার বৈঠক অনুষ্ঠিত হবার কথা আছে দু' সপ্তাহের মধ্যেই। জেলা
বামফ্রন্ট কমিটির এক নেতা জানান, শরিক দলগুলি থেকে বহিষ্কৃত কোন ব্যক্তিকে এবারে পঞ্চায়েত নির্বাচনে মনো-
নয়ন দেওয়া হবে না। তবে নীতি ও আদর্শের জন্য দলত্যাগীরা এর আওতায় পড়বেন না। ঠিক হয়েছে গত নির্বাচনে
যে আসনে যে শরিক জয়ী হয়েছিল এবারে সেই শরিকের প্রার্থীই মনোনয়ন পাবেন। ইন্দিরা কংগ্রেসের দখলীকৃত
আসনগুলিতে সংশ্লিষ্ট এলাকায় ফ্রন্টের শক্তিশালী শরিক প্রার্থী দাঁড় করাবে। এদিকে ফ্রন্টের শরিক দলের মধ্যে
সি পি এম পঞ্চায়েত নিয়ে জঙ্গিপুরে তাঁদের প্রার্থী তালিকা চূড়ান্ত করতে শুরু করেছেন। লোকাল কমিটি এ নিয়ে
অঞ্চল কমিটিগুলির সঙ্গে আলোচনা করছেন। পার্টি থেকে গ্রাম পঞ্চায়েতগুলিকে বকেয়া সমস্ত কাজ এক মাসের
মধ্যে শেষ করে ফেলতে বলেছেন। প্রাপ্ত সরকারী অর্থ যাতে খরচের অভাবে পড়ে না থাকে তা দেখতে প্রধানদের
নির্দেশ দেওয়া হয়েছে। আর এস পি ও ফঃ ব্লক প্রার্থী তালিকা চূড়ান্ত করার ব্যাপারে এখনও পিছিয়ে রয়েছেন।
সাংগঠনিক দুর্ব্বলতার জন্যই এমনটি ঘটছে বলে মনে হয়। ক্ষমতাসীন হওয়ার পর থেকে দুই শরিকেরই শক্তি হ্রাস
পেয়েছে। বহু এলাকায় এই দুই শরিকের কর্মীরা দলবদ্ধভাবে দলত্যাগ করেছেন। সূতীর দলত্যাগী আর এস পি
নেতা তুষার ঘোষকে দলে ফিরিয়ে আনার জন্য চেষ্টা চালানো হচ্ছে। তুষারবাবুর সঙ্গে আর এস পি'র নেতাদের
একটি বৈঠকও সম্প্রতি অনুষ্ঠিত হয়েছে বলে পার্টিসূত্রে জানা গেছে। ধুলিয়ান ও ফরাক্কা এলাকায় সি পি এম ত্যাগ
করে যাঁরা ফঃ ব্লকে গেছেন পঞ্চায়েত নির্বাচনে তাঁদের মনোনয়নদানের ব্যাপারে সি পি এম নেতারা আপত্তি জানাবে
বলে সংশ্লিষ্ট এলাকা থেকে খবর এসেছে। শরিকী সমঝোতা সত্ত্বেও ঐ এলাকায় নির্দলীয় প্রার্থী দাঁড় করানো হতে
পারে বলে ফঃ ব্লক নেতারা আশংকা প্রকাশ করেছেন।

## ভুয়া নামে ব্যাংক ঋণ নিয়ে হৈ চৈ

নিজস্ব সংবাদদাতা : হোসেনপুর চরের সতীশ মণ্ডল (পিতা ৺চন্দর মণ্ডল) ৫-৬ বছর আগে মারা গেলেও মুরশিদাবাদ জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাংকের ফরাক্কা শাখা থেকে তাঁর নামে কৃষিঋণ বণ্টনের অভিনব ঘটনায় সোরগোল উঠেছে। ঐ গ্রামেরই গোরাচাঁদ মণ্ডল, শচীন মণ্ডল, খোকা মণ্ডল, দুলাল মণ্ডল ও ভবেশ মণ্ডলের ক্ষেত্রেও এমনটি ঘটেছে। এঁরা কেউ কৃষিঋণ না নিয়েও সম্প্রতি ঋণ শোধ দেবার জন্য ব্যাংক কর্তৃপক্ষের জারী করা নোটিশ পাওয়ায় এ ঘটনা নিয়ে হৈ চৈ উঠেছে। বেনিয়াগ্রাম সমবায় কৃষি উন্নয়ন সমিতির মাধ্যমে এঁদের নামে এই কৃষিঋণ নেওয়া দেখানো হয়েছে। এই সমিতির সভাপতি সত্যেন্দ্রনাথ সিংহ ও সম্পাদক বিকাশ রায় চৌধুরী। ভুয়া ঋণ গ্রহীতাদের মধ্যে সতীশ ৩৬। ১৫ পয়সা, গোরাচাঁদ ২৪৪ টাকা, শচীন ২৪৪ টাকা, খোকা ২৪৪ টাকা, দুলাল ১৫০ টাকা এবং ভবেশের নামে ৭৪২ টাকার দেনা দেখানো হয়েছে। এদের ঘাড়ে ঋণের দরুণ সুদ চেপেছে যথাক্রমে ৯৫ টাকা, ১১৪ টাকা, ১১৪ টাকা, ১১৪ টাকা, ৪০.৪০ টাকা ও ১৬৮.৩০ টাকা। নোটিশ পেয়ে উক্ত ব্যক্তিদের মধ্যে জীবিতরা সমিতিকে চেপে ধরেন। সমিতির কর্মকর্তারা তাঁদের ঋণের টাকা ব্যাংকে পরিশোধ করে দেওয়ার আশ্বাস দিয়েছেন বলে জানা গেছে।

## সড়ক নির্মাণে স্কীম

নিজস্ব সংবাদদাতা : জরুর থেকে নলহাটী যাওয়ার জাতীয় বাদশাহী সড়কের কিছুটা অংশ পিচ দিয়ে বাঁধানোর একটি স্কীম রঘুনাথগঞ্জ-১ পঞ্চায়েত সমিতি প্রস্তুত করছেন। এই স্কীমটি রূপায়ণে আনুমানিক খরচ হবে ৪ লাখ টাকা। মেঠিয়া গ্রাম থেকে মাল-ডোবার পাকা রাস্তা পর্যন্ত মাটির সড়কটিও পিচ ঢালাই করতে উদ্যোগ নেওয়া হয়েছে। দুটি স্কীমই বর্তমানে প্রাথমিক পর্যায়ে। জেলা পরিষদ থেকে অনুমোদন ও অর্থ মঞ্জুরী পাওয়া গেলে সড়ক দুটির নির্মাণ কাজ শুরু হবে। এই প্রয়োজনীয় সড়ক দুটি নির্মীত হলে সংশ্লিষ্ট এলাকার প্রায় ২০ হাজার মানুষের দুঃসহ কষ্ট লাঘব সম্ভব হবে।

## আঁকশি দিয়ে বিদ্যুৎ চুরি প্রতি মাসে বিশ হাজার ইউনিট

নিজস্ব সংবাদদাতা : লোডসেডিং ও বিদ্যুৎ বিভ্রাটের দাপটে বিদ্যুৎ গ্রাহকেরা যখন অতীষ্ঠ ঠিক তখনই জঙ্গিপুরের গ্রামাঞ্চলে রাস্তার পোল সংলগ্ন তার থেকে আঁকশি দিয়ে বিদ্যুৎ চুরি ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। মির্জাপুর, রাজানগর, বাড়ালা, জরুর, সাগরদীঘি প্রভৃতি গ্রামের সহস্রাধিক গৃহস্থের ঘরে চোরাই বিদ্যুতের আলো জ্বালানো হচ্ছে। এই ভাবে প্রতি মাসে প্রায় বিশ হাজার ইউনিট বিদ্যুৎ সংশ্লিষ্ট এলাকাগুলি থেকে চুরি যাচ্ছে। সরজমিন তদন্তে দেখা গেছে আঁকশির সঙ্গে মোটা তার লাগিয়ে সন্ধ্যে রাতে পোলের তারের সঙ্গে ঝুলিয়ে দেওয়া হচ্ছে। ভোরের আলো ফোটার আগেই আঁকশি তুলে নেওয়া হচ্ছে। দিনের বেলায় বিদ্যুৎ বিভাগের কর্মীরা যখন গ্রামাঞ্চলে যাচ্ছে তখন তা আর তাদের নজরে আসছে না। এই বিদ্যুৎ চুরির খবর সম্পর্কে স্থানীয় বিদ্যুৎ বিভাগের কর্তারাও ওয়াকিবহাল। তবু তাঁরা নীরব থাকছেন ঝামেলা এড়ানোর ভয়ে। বিদ্যুৎ দপ্তরের এক কর্মীর মতে, গ্রামাঞ্চলে বিদ্যুৎ চেয়ে বহু আবেদন এসেছে। তাঁদের এ পর্যন্ত বিদ্যুৎ সরবরাহ করা যায়নি। এই কারণেই বিদ্যুৎ চুরি বেড়েছে।

## ফরাক্কা ব্যারেজে ক্রমান্বয়ে আন্দোলন

নিজস্ব সংবাদদাতা : ফরাক্কা ব্যারেজের প্রায় ৪২০০ কর্মচারী ১৫ শতাংশ প্রকল্প ভাতার দাবীতে আন্দোলনে নেমেছেন। ৯টি ইউনিয়নের যৌথ নেতৃত্বে কর্মীরা ক্রমান্বয়ে অবস্থান, গণছুটি প্রভৃতি কর্মসূচী পালন করছেন। একই পর্যায়ভুক্ত হয়েও এনটিপিসি কর্মীরা কেন্দ্রীয় প্রকল্পভাতা পাচ্ছেন ১৫ শতাংশ। অথচ ব্যারেজ কর্মীরা পান ৩.৭৫ শতাংশ। আন্দোলনকারীরা এই বৈষম্যের অবসান চেয়েছেন।

## সম্পাদক অভিযুক্ত

নিজস্ব সংবাদদাতা : মিথ্যে ভাউচার দিতে অস্বীকার করায় সাগরদীঘি এস এন হাই স্কুলের সম্পাদক মদন ভকতের হাতে এক ছুতোর মিস্ত্রী প্রহৃত হওয়ার অভিযোগ নিয়ে সাগরদীঘিতে বেশ হৈ চৈ উঠেছে। ছুতোর মিস্ত্রীটির অভিযোগ, স্কুলের জন্য কেনা গাছ ও কাঠ সম্পাদক নিজের বাড়ির কাজে লাগাচ্ছেন। রেভিনিউ ষ্ট্যাম্পের উপর সম্পাদকের তৈরী ভাউচারে সই দিতে অস্বীকার করায় মিস্ত্রীকে প্রহার করা হয়। এ সম্পর্কে সাগরদীঘি থানায় একটি অভিযোগও দায়ের করা হয়েছে।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

৩রা ফাল্গুন বুধবার, ১৩৮৯ সাল

## হঠাৎ অংরেজী

১৯৮৩ সালের শিক্ষাবর্ষের সূচনায় এই রাজ্যের শিক্ষা ব্যাপারে ( মাধ্যমিক স্তরে ) যে পরিবর্তন আনা হইয়াছে, তাহা সকলেরই জানা আছে। প্রথমতঃ অতঃপর প্রাথমিক বিদ্যালয়-সমূহে পঞ্চম শ্রেণীকে অন্তর্ভুক্ত করিবার নির্দ্দেশ দেওয়া হইয়াছে অবশ্য মাধ্যমিক বিদ্যালয়গুলিতে এই বৎসরও পঞ্চম শ্রেণী রহিয়াছে। ভবিষ্যতে থাকিবে কিনা, পরে জানা যাইবে।

দ্বিতীয় পরিবর্তন এই যে, অতঃপর প্রাথমিক স্তরে একটি মাত্র ভাষা অর্থাৎ মাতৃভাষা ছাড়া অন্য দ্বিতীয় ভাষা, ইংরাজী বা আর কিছু, পড়ান হইবে না। পঞ্চম শ্রেণীকে যেহেতু প্রাথমিক স্তরে ফেলা হইয়াছে, তাই ইংরাজী শিক্ষা বা দ্বিতীয় ভাষা শিক্ষা ষষ্ঠ শ্রেণী হইতে শুরু হইবে। এই সরকারী নির্দ্দেশের বিরুদ্ধে নানা প্রতিবাদ হইয়াছে। পঞ্চম শ্রেণীতে ইংরাজী পড়ানর ব্যবস্থা অনেক মাধ্যমিক বিদ্যালয়ই করিতে পারেন নাই। ইতিপূর্বে ইহার পরিপ্রেক্ষিতে মহামান্য হাই কোর্টের একটি রায় প্রকাশিত হইয়াছিল যাহার উল্লেখ করিয়া এক শিক্ষক সংস্থা পঞ্চম শ্রেণীতে ইংরাজী পড়াইবার জন্য মাধ্যমিক বিদ্যালয়-সমূহকে অনুরোধ করিয়াছিলেন এবং পুস্তকও প্রকাশ করিয়াছিলেন। তথাপি কিন্তু বহু মাধ্যমিক বিদ্যালয় বিশেষ করিয়া সরকারী সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়গুলি, সরকারী সারকুলারের বিরোধিতা করিয়া পঞ্চম শ্রেণীতে ইংরাজী পড়াইবার ব্যবস্থা করিতে পারেন নাই।

কিন্তু কিছুদিনের মধ্যে পত্র-পত্রিকায় নানা কথা শুনা যাইতে লাগিল। বিভিন্ন সংবাদ এবং মহামান্য হাই কোর্টের রায়—এই দুই দিক বিবেচনা করিয়া এখন অনেক মাধ্যমিক বিদ্যালয় পঞ্চম শ্রেণীতে ইংরাজী পড়াইবার ব্যবস্থা আরম্ভ করিয়াছেন এবং করিতেছেন। বড় বড় বিদ্যালয় প্রথম হইতেই ইংরাজী পড়ান শুরু করিয়াছিলেন। মফঃস্বল এলাকার অধিকাংশ বিদ্যালয় সরকারী নির্দ্দেশের প্রতিকূলতা করিতে পারেন নাই। এখন অবশ্য অর্থাৎ শিক্ষাবর্ষ চালু হওয়ার দুই মাসের মধ্যে পরিবর্তিত দৃশ্য দেখা যাইতেছে।

ইংরাজী শিক্ষা বা দ্বিতীয় ভাষা শিক্ষা পঞ্চম কি ষষ্ঠ শ্রেণীতে শুরু হইবে, তাহা নির্ভর করে পরবর্তী শ্রেণী-গুলিতে ঐ ভাষা শিক্ষার মান কিরূপ থাকে, তাহার উপর। ষষ্ঠ শ্রেণীতে যদি ইংরাজী পাঠ শুরু হয়, তবে নবম-দশম শ্রেণীতে এখন ইংরাজী পাঠের যে মান আছে, তাহার মধ্যে বিস্তর ব্যবধান। তাহ ছাড়া কোথাও মান হইবে উঁচু, কোথাও নীচু—ইহাও ত ঠিক নহে। বস্তুতঃ ইংরাজী শিক্ষাকে আমরা কী পর্যায়ে আনিব—তাহা বিশেষ বিবেচনার সহিত করিতে হইবে। সংস্কৃতকে তাড়াইয়া বাংলা ভাষা শিক্ষার কিছু যে ক্ষতি হয় নাই, এ কথা কে বলিবেন।

## চিঠি-পত্র

( মতামত পত্রলেখকের নিজস্ব )

### তেঘরী স্বাস্থ্যকেন্দ্র : ডাক্তারের প্রতিবাদ

জঙ্গিপুর সংবাদে ১৯শে জানুয়ারী সংখ্যায় 'তেঘরী স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তারের রাজত্ব' শিরোনামায় প্রকাশিত সংবাদটি মিথ্যা এবং অপ্রীতিকর। আমি এর বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানাচ্ছি। প্রতি রোগীকে ২০০ গ্রাম চাল, ৫০ গ্রাম মাছ বা মাংস ১০০ গ্রাম তরকারী ৩০০ গ্রাম দুধ ও ২০ গ্রাম চিনি পাবেন এ ধরনের কোন সরকারী নিয়ম নেই। ডাইরিয়ার রোগী ভর্তি হলে তাকে আমরা তরকারী বা মাছ মাংস দিই না, তার জন্য বরাদ্দ হয় দুধ বা বার্লি। সরকারী নিয়ম হল প্রতি রোগীর জন্য ডায়েট কনট্রাক্টর খাবার খরচ বাবদ ৪ টাকা পাবেন। ডাক্তার-বাবুর নির্দ্দেশ মত কনট্রাক্টর রোগীদের খাবার সরবরাহ করেন। যে কোন সরকারী হাসপাতালের তুলনায় আমার প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে খাবারের মান অনেক উন্নত। আমি আড়াই বছর এই স্বাস্থ্যকেন্দ্রে আছি অদ্যাবধি কোন রোগীর নিকট থেকে খাবার সম্বন্ধে কোন অভিযোগ পাইনি। স্থানীয় জনপ্রতিনিধিগণ মাঝে মাঝে স্বাস্থ্যকেন্দ্র পরিদর্শনে আসেন এবং রোগীদের নিকট হইতে তাহাদিগকে দেয় খাবারের খোঁজ নেন। তাঁরাও অদ্যাবধি কোন রোগীর নিকট থেকে কোনরূপ অভিযোগ পাননি। যে নার্সকে এখান থেকে তাঁর অভি-ভাবক অন্যত্র বদলী করে নিয়ে গেছেন বলে খবর পরিবেশিত হয়েছে, উক্ত নার্সের যাওয়ার আসল কারণ উদ্‌ঘাটনের জন্য আমিও পূর্ণ তদন্তের দাবী জানাচ্ছি। ডাঃ রায়, মেডিক্যাল অফিসার ইনচার্জ, তেঘরী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, মুর্শিদাবাদ।

**সংবাদদাতার বক্তব্য :** তেঘরী স্বাস্থ্য-কেন্দ্র সম্পর্কে অভিযোগসমূহ কয়েকজন রোগী, স্থানীয় মানুষজন ও কয়েকজন বিশিষ্ট জনপ্রতিনিধিগণের কাছ থেকে সংগৃহীত। ডাক্তা বাবুর প্রতিবাদ-পত্রে 'এক শ্রেণীর সমাজবিরোধীর যথেচ্ছাচার' ৫ জানুয়ারীর ঘটনা প্রভৃতি সম্পর্কে কোন উল্লেখ নেই। হাস-পাতালের বহুবিধ কেচ্ছা নিয়ে পোষ্টার, সমাজবিরোধীদের রামরাজত্ব স্বাস্থ্য-কেন্দ্রের সুনামের পরিপন্থী। এ সম্পর্কে কয়েকটি সরজমিন প্রতিবেদন সংগ্রহের চেষ্টা চালানো হচ্ছে যা থেকে বহু চাঞ্চল্যকর তথ্য জানা সম্ভব হবে।

## কৃষক প্রশিক্ষণ

রঘুনাথগঞ্জ : ১১ ফেব্রুয়ারী জেলার নবগ্রাম থানার সুকি গ্রামে বালার্ক সংঘ প্রাঙ্গণে হিন্দুস্থান ফার্টিলাইজারের উদ্যোগে একদিনের 'কৃষক প্রশিক্ষণ শিবির' অনুষ্ঠিত হয়। উক্ত শিবিরে ৪০ জন কৃষক প্রশিক্ষণ নেয়। প্রধান মন্ত্রীর বিশদফা কর্মসূচীকে মনে রেখে হিন্দুস্থান ফার্টিলাইজার বর্তমানে জেলার বিভিন্ন গ্রামে এ রকম আরো প্রশিক্ষণ দিবেন বলে জেলার কৃষিবিদ সীতার সিন্হা জানিয়েছেন। এইদিন ডঃ শুভেন্দু ভট্টাচার্য্য, ডঃ পরিতোষ ভট্টা-চার্য্য, পরেশ মণ্ডল প্রমুখ কৃষিবিদ কৃষকদের প্রশিক্ষণ দেন।

## Notice

The Annual General body meeting of Desh Bandhu Jatindas Sub-Divisional Library, Jangipur will be held at Raghunathganj Girls' High School premises on 27. 2. 83 from 11 A. M. to transact the following business.

In term of para-5(c) of West Bengal Public Library Act-1979, a General member of the Library is eligible to participate in the deliberations of the above general body meeting if his membership fee is not in arrear for more than 60 (Sixty) days on the date of the above meeting (27. 2. 83).

Accordingly all such members are requested to attend the aforesaid meeting in time.

AGENDA : 1) To consider the annual report and audited statement of accounts for adoption. 2) To appoint three eligible members for acting as iding officers to conduct election in terms of para-12(f) of W. B. Public Library Act-1979. 3) Misc.

Secretary, Deshbandhu Jatindas Sub-Divisional Library.
Raghunathganj, date 15. 2. 83

## ॥ কৃষি সংবাদ ॥

আমের ফলন বাড়াতে সময় মত শোষক পোকা দমন করুন।

শোষক পোকা আমের মুকুলের রস চুষে খায়। তার ফলে ফুল শুকিয়ে পড়ে যায়। গুটি কম ধরে ও গুটি ঝরে পড়ে। তাই মুকুল আসার সময় ( কুঁড়ি অবস্থায় ) একবার ও তার ১৫ দিন পড়ে ( গুটি ধরার পরে ) আর একবার নিচের যে কোন একটি ঔষধ সঠিক পরিমাণে জলে গুলে স্প্রে গাছে করুন।

ফল ঝরা বন্ধ করার জন্য দ্বিতীয়বার ঔষধ দেবার সময় প্রতি দুই লিটার জলে আধ মিলি প্লানোফিক্স্ মিশিয়ে স্প্রেয়ার যন্ত্রের সাহায্যে ভালভাবে ছিটাতে হবে।

| ঔষধের নাম | প্রতি লিটার জলে ঔষধের পরিমাণ |
|---|---|
| ১) কারবারিল ৫০ শতাংশ (সেভিন, কিলেক্স, কারবারিল ইত্যাদি) | ৩ গ্রাম |
| ২) মনোক্রোটফস্ (নুভাক্রন, মনোক্রোটফস্, মনোসিল ইত্যাদি) | ১ মিলি গ্রাম |
| ৩) ফসফোমিডন ( ডিমেক্রন ) | ½ মিলি গ্রাম |
| ৪) মিথাইল ডেমিটন ( মেটাসিসটক্স্ ) | ১ মিলি গ্রাম |
| ৫) ডাইমেথোয়েট (ভারা-৯০৯, রোগর ইত্যাদি) | ১ মিলি গ্রাম |

সাধারণতঃ কলমের গাছে ১০ থেকে ২০ লিটার এবং আঁঠির গাছে ২০-৪০ লিটার ঔষধ মেশান জল লাগে। গাছের বাড় অনুযায়ী ঔষধ মেশান জলের পরিমাণ ঠিক করুন।

বিস্তারিত জানতে হলে আপনার এলাকার কৃষি সম্প্রসারণ কর্মীর সাথে যোগাযোগ করুন।

জেলা তথ্য ও সংস্কৃতি বিভাগ, মুর্শিদাবাদ।

## মৎস্য চাষ প্রশিক্ষণ

নজস্ব সংবাদদাতা : মুর্শিদাবাদ জেলা মৎস্য চাষী উন্নয়ন সংস্থা পরিচালিত সাগরদীঘি ব্লকের সাগরদীঘি সেথ-পাড়ার মহঃ নূরের জমান পুকুরে এবং আহেরীপাড়ার মহাদেবচন্দ্র দাস ও অন্যান্যদের পুকুরে নিবিড় মৎস্য চাষ প্রদর্শনী ১০ ফেব্রুয়ারী শেষ হয়েছে। এই উপলক্ষে স্থানীয় মৎস্য চাষী এবং শিক্ষণ গ্রহণকারী শিক্ষার্থীদের সামনে পুকুরে জাল ফেলে মাছ ধরে হাতে কলমে শিক্ষা দেন কেন্দ্রীয় অঞ্চলের সহ অধিকর্তা শ্রীজে, এন, মিশ্র এবং মৎস্য দপ্তরের প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত অফিসারগণ। উক্ত দুটি প্রদর্শন ক্ষেত্রেই এক বছরের মধ্যে বিঘা পিছু গড় উৎপাদন হয়েছে যথা-ক্রমে ৪৫০ কেজি ও ৫০০ কেজি। স্থানীয় মাছ চাষীদের মধ্যে এই আলোচনা অধিকতর মাছ উৎপাদনে উৎসাহের সৃষ্টি করেছে।

## ধর্মীয় সভা

রঘুনাথগঞ্জ : ৪ ফেব্রুয়ারী বিশ্ব হিন্দু পরিষদের উদ্যোগে রঘুনাথগঞ্জ হাই স্কুলে বিবেকানন্দ জন্মদিন উপলক্ষে একটি আলোচনা সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে স্থানীয় বহু মানুষ উপস্থিত ছিলেন।

## খেলার খবর

রঘুনাথগঞ্জ : সম্প্রতি এক মাসব্যাপী রঘুনাথগঞ্জ ম্যাকেঞ্জি পার্কে আয়োজিত ক্রিকেট প্রতিযোগিতা শেষ হয়েছে। ডায়মণ্ড এ্যাথলেটিক ক্লাব আয়োজিত এই প্রতিযোগিতায় ডায়মণ্ড ক্লাব বিজয়ী ও বাগানবাড়ী কিরণ সংঘ বিজিত হয়।

সবার প্রিয় চা—
**চা ভাণ্ডার**
রঘুনাথগঞ্জ সদরঘাট
ফোন—১৬

পানে ও আপ্যায়নে
**চা ঘরের চা**
রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ
ফোন—৩২

**ধুলিয়ান ষ্টোন প্রডাক্টস**
ষ্টোন মার্চেন্ট এণ্ড গভঃ কন্ট্রাক্টর
পাকুড়ে নিজস্ব কোয়ারী
ধুলিয়ান পাকুড় রোডে ৩৪নং জাতীয় সড়কের নিকটস্থ ক্র্যাসার ইউনিট
ভারতের বিভিন্ন প্রান্তে সুলভে
ষ্টোন চীপস্, বোল্ডার, ষ্টোন সেট,
পোঃ ধুলিয়ান, জেলা মুর্শিদাবাদ
ফোন : অফিস ৫২, ফ্যাক্টরী ১১৭
ষ্টোন ম্যাটারস প্রভৃতির
সরবরাহকারী প্রতিষ্ঠান।
এস এস আই রেজি নং ২১/১৩৭ ১৫৮
তাং ২৪-৩-৭০



**আসুন এগিয়ে চলি**

নবম এশিয়ান গেমস্-এর আয়োজক দেশ হিসেবে আমাদের সাফল্যের জন্যে ভারত সমগ্র বিশ্বের কাছ থেকে অভিনন্দন লাভ করেছে।

স্টেডিয়ামগুলি রেকর্ড সময়ে তৈরী করা হয়েছে। সারা দেশে এবং বিদেশে লক্ষ লক্ষ মানুষ রঙীন টেলিভিশনে সরাসরি খেলা দেখেছেন। এই বিশাল কর্মযজ্ঞে কমপিউটার, ইলেকট্রনিক এক্সচেঞ্জ, মাইক্রোওয়েভ এবং উপগ্রহ সংযোগকে সুষ্ঠু ও দক্ষভাবে কাজে লাগানো হয়েছে।





সংঘবদ্ধ প্রয়াস এবং কঠোর পরিশ্রমের মাধ্যমে যে সাফল্য অর্জন করা সম্ভব এটি তার উজ্জ্বল দৃষ্টান্ত।

আমরা যদি এই মনোভাব নিয়ে কাজ করি তবে জাতীয় উন্নয়নের অন্যান্য ক্ষেত্রেও অনুরূপ সাফল্য অর্জন করা সম্ভব।

**শক্তিশালী দেশ গঠনে**
**আসুন আমরা সকলে মিলেমিশে কাজ করি**

davp 82/55T

## জঙ্গিপুর মিউনিসিপ্যাল অফিস

পোঃ রঘুনাথগঞ্জ, জেঃ মুর্শিদাবাদ

## ১৯৮৩-৮৪ সালের জন্য

## ফেরীঘাট ইজারার নোটীশ ও নিয়মাবলী

এতদ্দারা নিলাম ডাকেচ্ছু ব্যক্তিগণকে জানানো যাইতেছে যে জঙ্গিপুর মিউনিসিপ্যালিটি পরিচালিত রঘুনাথগঞ্জ সদর ফেরীঘাট এবং এনায়েতনগর ডোমপাড়া গাড়ীঘাট আগামী ১৯৮৩-৮৪ সালের জন্য ( ১লা এপ্রিল হইতে ৩১শে মার্চ্চ, ১৯৮৪ ) আগামী ২৮-২-৮৩ তারিখে বেলা ২ ঘটিকায় অত্র মিউনিসিপ্যাল অফিসে প্রকাশ্য নিলাম ডাকে মিউনিসিপ্যাল কর্তৃপক্ষগণ কর্তৃক ইজারা বন্দোবস্ত দেওয়া হইবে।

১। দফাওয়ারী বিশদ সর্ত্তাবলী নিলাম ইস্তাহারে এবং মিউনিসিপ্যাল অফিসে দেখিতে পাওয়া যাইবে।

২। তথাপি জানানো যাই যে, যে ব্যক্তি পূর্ব ইজারার টাকা পরিশোধ করেন নাই বা যথারীতি কবুলিয়ত সম্পাদন ও রেজিষ্ট্রী করেন নাই, ডাক-কর্তৃপক্ষগণ তাঁহাকে ডাক করিবার অনুমতি না দিতে বা ডাক করিলে তাহা অগ্রাহ্য করিতে পারিবেন।

৩। আর্থিক সচ্ছলতার নিদর্শন ডাকেচ্ছু ব্যক্তিগণকে স্থাবর অস্থাবর সম্পত্তির দলিলাদির কাগজপত্র দাখিল করিতে হইবে নচেৎ ডাকে অংশগ্রহণ করিতে পারিবেন না।

৪। উপরোক্ত দুইটি ঘাট একত্রে ডাক করা ও বন্দোবস্ত দেওয়া হইবে। ডাকে যোগ দিতে যোগ্য ব্যক্তিকে উক্ত ফেরীঘাটদ্বয় ইজারার জন্য একত্রে ১০,০০০ (দশ হাজার) টাকা আমানত জমা (Earnest or Table money) জমা দিতে হইবে। ডাক চূড়ান্ত হওয়ার পর যথানিয়মে ফেরৎ দেওয়া হইবে।

৫। যাঁহার ডাক মঞ্জুর হইবে তাঁহাকে ডাকমঞ্জুরীর টাকার $\frac{1}{4}$ ভাগ তৎক্ষণাৎ জমা দিতে হইবে। এ টাকা Security হিসাবে জমা থাকিবে। ডাকের পুরো টাকা মাসিক সমান কিস্তিতে এপ্রিল ১৯৮৩ হইতে সেপ্টেম্বর '৮৩ মধ্যে পরিশোধ করিতে হইবে। উক্ত security-র টাকা শেষ কিস্তিতে adjust হইবে।

৬। দফাওয়ারী সর্ত্তাবলী ও নিয়মাবলী নিলাম ইস্তাহারে মিউনিসিপ্যাল অফিসে দেখিয়া লইয়া সেমতভাবে ডাকে অংশগ্রহণ করিতে পারিবেন।

ডাকের স্থান ঃ মুর্শিদাবাদ জেলার রঘুনাথগঞ্জ থানার
জঙ্গিপুর মিউনিসিপ্যাল অফিস

ডাকের তারিখ ও সময় ঃ ২৮শে ফেব্রুয়ারী, '৮৩ সময়
বেলা ২ ঘটিকায়

**শ্রীমৃগাঙ্ক ভট্টাচার্য্য**
চেয়ারম্যান,
জঙ্গিপুর মিউনিসিপ্যালিটি

## এ বি টি এ'র প্রতি 'সারা বাংলা'র ধিক্কার

নিজস্ব সংবাদদাতা ঃ সি পি এমের মাধ্যমিক শিক্ষক সংগঠন এ বি টি এ'র কাজকর্মের প্রতি ধিক্কার জানিয়েছেন সারা বাংলা শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতি। অভিযোগকারী সংগঠনটি বামফ্রন্টের শরিক আর এস পি'র সমর্থক। ২৯ জানুয়ারী বহরমপুরে এক সাংবাদিক বৈঠকে সারা বাংলা শিক্ষক সমিতির নেতা প্রমথেশ মুখার্জি কয়েকটি সুনির্দ্দিষ্ট ঘটনার উল্লেখ করে সরকারী কাজকর্মের সমালোচনা করেন। পঞ্চম শ্রেণীতে ভর্তি ও পাঠ্য পুস্তক বন্টন সমস্যার সমাধানে সমিতি ২৮ ফেব্রুয়ারী বিধানসভা অভিযান করবেন বলে সাংবাদিক বৈঠকে ঘোষণা করা হয়।





ফোন ঃ ১১৫

সকলের প্রিয় এবং বাজারের সেরা

ভারত বেকারীর প্রাইজ ব্রেড

মিয়াপুর • ঘোড়শালা • মুর্শিদাবাদ

বসন্ত মালতী

রূপ প্রসাধনে অপরিহার্য

সি, কে, সেন এ্যাণ্ড কোং
লিমিটেড

কলিকাতা ॥ নিউ দিল্লী


রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে
অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।